দৈনিক ইত্তেফাক

তারিখ JUN 10 1999
পৃষ্ঠা ৪ কলাম ৮

# জাতীয় বিশ্ববিদ্যালয় সমীপে

বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজীতে ১৯৭৯ সালে ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্স চালু হয়। ইহা আন্তর্জাতিক মান সম্পন্ন ৩ বৎসর মেয়াদী একটি কোর্স। ডিপ্লোমা মেরিন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রগণ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ও উচ্চ মাধ্যমিক বিজ্ঞান শাখার সহিত সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর লেখা-পড়া করিয়া থাকে। ইতিপূর্বে অত্র ইনস্টিটিউট হইতে আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয় [মেমো নং (শাখা-১) ১৯৮৮০-২০০১৯, তাং- ২২-৯-৮৭ইং] এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (স্মারক নং-৫৫২/১১৭/একা-৫৯/৮৪, তা- ২৪-২-৮৮ইং) কোর্সটিকে এইচ,এস,সি (বিজ্ঞান)-এর সমমান ঘোষণা করিয়া বি,এস,সি (পাস) কোর্সে ভর্তির অনুমতি প্রদান করিয়াছিল। উল্লেখ্য যে, ২৩-১১-৯৮ তারিখে অত্র ইনস্টিটিউটের অধ্যক্ষ ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক এইচ,এস,সি (বিজ্ঞান) সমমান ঘোষণা পূর্বক বি,এস,সি (পাস) কোর্সে ভর্তির অনুমতি প্রদানের জন্য একটি অনুরোধ পত্র (পত্র নং ২/৮) বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার বরাবরে প্রেরণ করেন। কিন্তু আজ পর্যন্ত তাহার কোন ফলাফল পাওয়া যায় নাই। আর তাই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট বিনীত অনুরোধ, অনতিবিলম্বে ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সকে এইচ,এস,সি (বিজ্ঞান)-এর সমমান ঘোষণা করিয়া বি,এস,সি (পাস) কোর্সে ভর্তির অনুমতি প্রদান করা হউক।

মোঃ জহিরুল হক
মেরিন ছাত্রাবাস
নারায়ণগঞ্জ-১৪১৩।